



SEP. 03 2002

অপরিকল্পিতভাবে ডিসিপ্রিন চালু করায় সমস্যা হচ্ছে খুলনা বিশ্ববিদ্যালয়ে

● ক্লাসরুম বরাদ্দ নিয়ে জটিলতা : আন্দোলনে নামছে ছাত্রছাত্রীরা

খুলনা ব্যুরো

অপরিকল্পিতভাবে ডিসিপ্রিন চালু করার ফলে খুলনা বিশ্ববিদ্যালয়ে নানা সমস্যার সৃষ্টি হচ্ছে। কমপক্ষে একটি আবাসিক হল ও একটি একাডেমিক ভবন নির্মাণ সম্পন্ন না করে নতুন ডিসিপ্রিন চালু করলে সমস্যা আরও প্রকট আকার ধারণ করবে বলে ছাত্রছাত্রীরা মনে করেন। দ্বিতীয় একাডেমিক ভবন মূলত চারটি ডিসিপ্রিনের

পরিকল্পনা নিয়ে নির্মাণ করা হলেও বর্তমানে নয়টি ডিসিপ্রিনের কার্যক্রম চালাতে কর্তৃপক্ষকে সীতিমতো হিমশিম খেতে হচ্ছে। ক্লাসরুমের সংকট মেটানোর জন্য প্রতি ক্লাসরুমকে বিভক্ত করে দু'টি ক্লাসরুমে পরিণত করলেও সমস্যার সমাধান হয়নি। বিভক্ত করা রুমগুলোতে ৩৫ জন ছাত্রছাত্রী একত্রে ক্লাস করার অনুপযুক্ত হয়ে দাঁড়িয়েছে। ফলে ছাত্রছাত্রীদের ক্লাস করতে সমস্যা হচ্ছে।